বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন ঃ ৯৫৫৬৯৩১
ই-মেইলঃ dgmaccounts1@krishibank.org.bd

## কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং প্রকা/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০২৩-২৪/ ১০২৮

তারিখঃ ০৯-০৬-২০২৪খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়।
২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/সকল আঞ্চলিক কার্যালয়।
৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
৫। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ প্রস্তাবিত অর্থ বিল ২০২৪ মোতাবেক ১ জুলাই, ২০২৪ তারিখে আরব্ধ করবর্ষের জন্য আয়কর হার প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ৬ জুন, ২০২৪ তারিখে মহান জাতীয় সংসদে উত্থাপিত অর্থ বিল ২০২৪ মোতাবেক ১ জুলাই, ২০২৪ তারিখে আরব্ধ করবর্ষের জন্য আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ২(৬৯) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (Person) এর মধ্যে অনিবাসী বাংলাদেশিসহ সকল স্বাভাবিক ব্যক্তি (Individual), হিন্দু অবিভক্ত পরিবার ও অংশীদারি ফার্মের ক্ষেত্রে মোট আয়ের উপর করহার নিম্নরূপ হবে, যথা:-

| মোট আয় | হার |
|---|---|
| (ক) প্রথম ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | শূন্য |
| (খ) পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ৫% |
| (গ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ১০% |
| (ঘ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ১৫% |
| (ঙ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ২০% |
| (চ) পরবর্তী ২০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ২৫% |
| (ছ) অবশিষ্ট মোট আয়ের উপর-- | ৩০% |

তবে শর্ত থাকে যে,

(ক) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,০০,০০০/- টাকা;
(খ) তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,৭৫,০০০/- টাকা;
(গ) গেজেটভূক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৫,০০,০০০/- টাকা;
(ঘ) কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা হবে ৫০,০০০/- টাকা অধিক হবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়ই করদাতা হলে যেকোনো একজন এ সুবিধা ভোগ করবেন;
(ঙ) বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতিত) এরূপ সকল করদাতার জন্য এ অনুচ্ছেদ প্রযোজ্য হবে না;
(চ) মোট আয় করমুক্ত আয়ের সীমা অতিক্রম করলে ন্যূনতম করের পরিমান কোনোভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হবে না, যথা:-

| এলাকার বিবরণ | ন্যূনতম কর (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- |

০৩। বর্ণিত আয়কর হার মোতাবেক হিসাবায়নপূর্বক ৩০ জুন, ২০২৪ তারিখ সমাপ্ত ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য ব্যাংকে কর্মরত ও পিআরএল ভোগরত আয়কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীদের বৈতনিক আয়ের উপর আয়কর প্রদান করতে হবে।

০৪। বৈতনিক আয়কর হিসাবায়নের লক্ষ্যে পরিবর্তিত আয়করের হার সন্নিবেশিত করে সংশোধিত কম্পিউটেশন শীট এদতসঙ্গে প্রেরণ করা হলো।

০৫। এমতাবস্থায় ২৪-০৯-২০২৩ তারিখে অত্র বিভাগ কর্তৃক জারিকৃত পত্র নং প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২৩-২৪/২২৮ এ বর্ণিত আয়করের হার ব্যতিত অন্যান্য নির্দেশনা পরিপালনপূর্বক অর্থবছর ২০২৩-২০২৪ (০১-০৭-২০২৩খ্রিঃ তারিখ হতে ৩০-০৬-২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত) এর জন্য প্রদেয় নীট বৈতনিক আয়কর নির্ধারণের নিমিত্ত প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারী কর্তৃকএতদসঙ্গে সংযুক্ত কম্পিউটেশন শীট পূরণপূর্বক নিজ নিজ বৈতনিক আয়কর নির্ধারণ করবেন।

০৬। কম্পিউটেশন শীট পূরণের মাধ্যমে নির্ধারিত (কম্পিউটেশন শীটের ৬ নং কলামে উল্লেখিত টাকা) বৈতনিক আয়করের পরিমান থেকে জুলাই/২৩ হতে মে/২৪ পর্যন্ত কর্তনকৃত আয়কর বাদ দিয়ে অবশিষ্ট আয়করের টাকা জুন/২৪ মাসের বেতন হতে কর্তন করতে হবে।

চলমান পাতা-২

০৭। জুন/২৪ মাসে কর্তনকৃত আয়করের টাকা যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক ক্রেডিট এ্যাডভাইসের মাধ্যমে ২২-০৬-২০২৪খ্রিঃ তারিখের মধ্যে কুরিয়ার সার্ভিসযোগে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এর মুখ্য কর্মকর্তা জনাব নাজমুল হুদা এর বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে এবং একই তারিখে জুন/২৪ মাসের মাসিক আয়কর বিবরণী MITS (Monthly Income Tax Statement) এক্সেল ফরমেটে প্রস্তুত করতঃ পূর্ববর্তী মাসের ন্যয় ই-মেইলযোগে (dgmaccounts1@krishibank.org.bd) অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

ক) কম্পিউটেশন শীট মোতাবেক নির্ধারিত প্রদেয় বৈতনিক আয়কর (কম্পিউটেশন শীটের ঙ নং কলামে উল্লেখিত টাকা) সম্পূর্ণ কর্তন ব্যতিত জুন/২৪ মাসের বেতন প্রদান করা যাবে না। ব্যর্থতায় বেতন প্রদানকারী/নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

খ) পিআরএল ভোগরত কর্মকর্তা/কর্মচারীদেরকেও আয়কর পরিশোধ করতে হবে।

০৮। **রেজিস্টার সংরক্ষণঃ**
প্রধান কার্যালয়ের প্রত্যেকটি বিভাগ, প্রত্যেকটি শাখা/কার্যালয় নিজ নিজ কর্মকর্তা/কর্মচারীদের কর্তনকৃত আয়করের একটি বৈতনিক আয়কর রেজিস্টার নিম্নোক্ত ছক মোতাবেক স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণ করবেন।

**ছক**

| ক্রঃ | নাম | পদবি | পিএফ নম্বর | ই-টিআইএন | মাসের নাম | মূল বেতন | বোনাস/ এক্সগ্রেসিয়া | মোট আয়ের উপর কর | বিনিয়োগ রেয়াত | কর্তনকৃত কর | নীট প্রদেয় কর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

০৯। **নিরীক্ষাকরণঃ**
সঠিকভাবে বৈতনিক আয়করের টাকা হিসাবায়ন/কর্তনপূর্বক যথানিয়মে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এ প্রেরণ করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

১০। **কর পরিশোধের বিষয়টি এলপিসি-তে উল্লেখ এবং প্রত্যয়নপত্র সংগ্রহকরণঃ**
কোন করদাতা কর্মকর্তা/কর্মচারী অর্থবছরের যে কোন সময়ে বদলীজনিত কারনে বর্তমান কর্মস্থলে কত টাকা কর কর্তন করা হয়েছে তার (বিস্তারিত বিবরণসহ) প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে।

১১। প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের নিকট হতে কর প্রদান সংক্রান্ত প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক রিটার্নের সাথে দাখিল করতে হবে।

১২। কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ভুল কর বিবরণী (রিটার্ন) দাখিল করার কারনে কিংবা আদৌ কর বিবরণী (রিটার্ন) দাখিল না করার কারনে কর কর্তৃপক্ষ কর্তৃক যে কোন জরিমানা আরোপিত হলে সংশ্লিষ্ট করদাতাগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১৩। উল্লেখিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক নির্ধারিত এক্সেল ফরমেটে ২০২৩-২০২৪ অর্থবছরের (করবছর ২০২৪-২০২৫) বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী YFTS (Yearly Final Income Tax Statement) প্রস্তুত করে ৩১-০৭-২০২৪ তারিখের মধ্যে ই-মেইলযোগে (dgmaccounts1@krishibank.org.bd) অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

১৪। প্রসঙ্গত উল্লেখ্য যে অত্র পত্র জারির পরবর্তী সময়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আয়কর সংক্রান্ত কোন সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন থাকলে তা পরবর্তীতে জানানো হবে এবং সে মোতাবেক ব্যবস্থাদি গ্রহন করতে হবে।

১৫। বৈতনিক আয়কর সংক্রান্ত কোন তথ্যের জন্য অত্র বিভাগের নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

| | | |
|---|---|---|
| ক) জনাব মামুন হোসেন | ফিনান্সিয়াল এ্যানালিস্ট | ০১৭৫০-৩২১২৩৬ |
| খ) জনাব নাজমুল হুদা | মুখ্য কর্মকর্তা | ০১৯১১-৫৫৮৯১৭ |
| গ) জনাব মোঃ আশরাফুল আলম | কর্মকর্তা | ০১৫২-১১১৮৫৯৬ |

১৬। উল্লেখ্য অত্র বিভাগ হতে ১৯-০৫-২০২৪ তারিখে প্রেরিত পত্র নং ৯৭১ এর সাথে সংযুক্ত কম্পিউটেশন শীট বাতিল বলে গন্য হবে।

সংযুক্তি ঃ সংশোধিত কম্পিউটেশন সীট।

আপনার বিশ্বস্ত

০২.০৬.২০২৪

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

নং প্রকা/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০২৩-২৪/ ১০২৮ তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ ঃ

১। চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১, ২ ও ৩ মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৫। উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকাকে অনুরোধ করা হলো।
৬। নথি/মহানথি।

০২.০৬.২০২৪

( আরিফুর রহমান )
সহকারী মহাব্যবস্থাপক

( কম্পিউটেশন শীট)

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## ২০২৩-২০২৪ অর্থ বছরের (২০২৪-২০২৫ আয়কর বছর) মোট বৈতনিক আয়ের উপর কর নির্ধারণ ও কর প্রদান বিবরণী (৩০ জুন, ২০২৪ পর্যন্ত)

নাম ঃ
পিতা/স্বামীর নাম ঃ

পিএফ নম্বর ঃ
মাতার নাম ঃ

পদবী ঃ
আয়কর সার্কেল-

ঠিকানা ঃ
আয়কর জোন-

জাতীয় পরিচয় পত্র নং (যদি থাকে )
ই-টিআইএন নং

| খাত | বিবরণ | টাকার পরিমাণ | |
|---|---|---|---|
| | | কর অব্যাহতি (পারকুইজিট) | করযোগ্য আয় |
| **(ক) আয়ঃ** | | | |
| ১। | মূল বেতন | | |
| ২। | ব্যক্তিগত ও মহার্ঘ ভাতা/ মাসিক পেনশন | | |
| ৩। | বাড়ীভাড়া ভাতা | | |
| ৪। | বোনাস (উৎসব ও উৎসাহ)/এক্সগ্রেসিয়া | | |
| ৫। | চিকিৎসা ভাতা | | |
| ৬। | ব্যাংকের প্রদেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে) | | |
| ৭। | পুরস্কারঃ লক্ষ্যমাত্রা অর্জন/ব্যাংকিং ডিপ্লোমা / বৈশাখী ভাতা | | |
| ৮। | যাতায়াত ভাতা | | |
| ৯। | আপ্যায়ন ভাতা | | |
| ১০। | শিক্ষাসহায়ক ভাতা | | |
| ১১। | অন্যান্য ভাতা (বিশেষ ভাতা/শ্রান্তি বিনোদন ভাতা/অন্যান্য ভাতা যদি থাকে) | | |
| | **সর্বমোট বেতন আয়** | | |

**(খ) মোট আয়করের পরিমাণঃ**

| | | |
|---|---|---|
| ১। | প্রথম ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ০% হারে (পুরুষ)<br>প্রথম ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ০% হারে (মহিলা)<br>প্রতিবন্ধি করদাতার ৪,৭৫,০০০/- টাকা পর্যন্ত আয়কর মুক্ত<br>গেজেটভূক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ৫,০০,০০০/- টাকা পর্যন্ত আয়কর মুক্ত<br>প্রতিবন্ধী ব্যক্তির পিতা মাতা বা আইনানুগ অভিভাবকের জন্য করমুক্ত সীমা ৫০,০০০/- বেশী হবে। | |
| ২। | পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ৫% হারে | |
| ৩। | পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১০% হারে | |
| ৪। | পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১৫% হারে | |
| ৫। | পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২০% হারে | |
| ৬। | পরবর্তী ২০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২৫% হারে | |
| ৭। | অবশিষ্ট মোট আয়ের উপর ৩০% হারে | |
| ৮। | **সর্বমোট আয়ের উপর কর** | |

**(গ) অনুমোদিত খাতে প্রকৃত বিনিয়োগ ঃ (আয়কর আইন, ২০২৩ এর ষষ্ঠ তফসিল, অংশ-৩)**

| | | |
|---|---|---|
| ১। | নিজ/স্বামী/স্ত্রী/নাবালক সন্তানের জীবন বীমার প্রিমিয়াম প্রদান (বীমা মূল্যের ১০%); | |
| ২। | হিন্দু অবিভক্ত পরিবারের ক্ষেত্রে পুরুষ সদস্য অথবা তার স্ত্রীর জীবন বীমার প্রিমিয়াম প্রদান (বাংলাদেশে পরিশোধিত); | |
| ৩। | সরকারি কর্মচারীদের বার্ষিক বৃত্তি অথবা তার স্ত্রী/সন্তানদের নিরাপত্তার জন্য কর্তনকৃত অর্থ; | |
| ৪। | সরকারি কর্মকর্তা-কর্মচারী কর্তৃক তাদের প্রভিডেন্ট ফান্ডে জমা করা অর্থ; | |
| ৫। | ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা এবং কর্মচারীর সম্মিলিত চাঁদা জমা; | |
| ৬। | অনুমোদিত বার্ধক্য তহবিলে করদাতার দেয়া বার্ষিক চাঁদা; | |
| ৭। | (ক)অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকার কোন সরকারি সিকিউরিটিজ ক্রয় (সরকার কর্তৃক ইস্যুকৃত, ট্রেজারী বিল, বন্ড, সঞ্চয়পত্র, ঋণপত্র, সুকুক)<br>(খ)অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকার ইউনিট সার্টিফিকেট/মিউচুয়াল ফান্ড/ইটিএফ ক্রয়<br>(গ)যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ডিপোজিট পেনশন স্কীমে অর্থ জমা ( বার্ষিক সর্বোচ্চ ১,২০,০০০/-টাকা) | |
| ৮। | এসইসি এর অধীনে পরিচালিত কোন স্টক এক্সচেঞ্জের সহিত তালিকাভূক্ত সিকিউরিটিজ ক্রয়; | |
| ৯। | অনুমোদিত দাতব্য হাসপাতালে দেয়া অনুদান যা সিটি কর্পোরেশন এলাকার বাহিরে অবস্থিত | |
| ১০। | প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত অনুমোদিত কোন প্রতিষ্ঠানে অনুদান প্রদান | |
| ১১। | যাকাত তহবিল/যাকাত তহবিল ব্যবস্থাপনা আইন-২০২৩ এ প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে দেয়া অনুদান; | |
| ১২। | স্ত্রী/সন্তান/নির্ভরশীল কারো জন্য অনুমোদিত কল্যাণ তহবিল/যৌথ বিমা প্রিমিয়াম প্রদান; | |
| ১৩। | সরকার অনুমোদিত জনকল্যাণমূলক/শিক্ষা প্রতিষ্ঠানে দেয়া অনুদান | |
| ১৪। | স্বাধীনতা যুদ্ধ স্মরণে প্রতিষ্ঠিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে দেয়া অনুদান; | |
| ১৫। | জাতির পিতার স্মরণে প্রতিষ্ঠিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান; | |
| | **মোট প্রকৃত বিনিয়োগ** | |

**(ঘ) কর রেয়াতঃ (আয়কর আইন, ২০২৩ এর ধারা ৭৮)**

| | | |
|---|---|---|
| ১। | মোট করযোগ্য আয়ের ৩% অথবা প্রকৃত বিনিয়োগের ১৫% অথবা ১০ লক্ষ টাকা এ তিনটির মধ্যে যাহা কম তাহাই কর রেয়াত | |
| ২। | ব্যক্তিগত মোটর গাড়ির অগ্রীম কর | |

**(ঙ) নীট প্রদেয় আয়করঃ**

| | | |
|---|---|---|
| ৩। | নীট প্রদেয় কর {(খ)৮ - ঘ(১) - ঘ(২)}<br>সর্বনিম্ন প্রদেয় আয়কর কর্মক্ষেত্র এলাকা ভিত্তিক হবে ৫,০০০/- (ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন), ৪,০০০/- (অন্যান্য সিটি কর্পোরেশন) ও ৩,০০০/- (সিটি কর্পোরেশন ব্যাতিত অন্যান্য এলাকা) | |

ব্যবস্থাপক/অফিস প্রধান এর স্বাক্ষর(সীলসহ)

করদাতার স্বাক্ষর (সীলসহ)
মোবাইল নম্বর-